দৈনিক বাংলা 27

তারিখ 20 AUG 1989
পৃষ্ঠা 9 কলাম 8

## ৩০শে আগস্ট কৃষি ভার্সিটিতে ভর্তি পরীক্ষা

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ১৯৮৮-৮৯ শিক্ষা সালের প্রথম বর্ষ স্নাতক শ্রেণীতে ছাত্রছাত্রী ভর্তির জন্য লিখিত পরীক্ষা আগামী ৩০ আগস্ট বুধবার কৃষি বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে।

ভর্তিচ্ছু ছাত্রছাত্রী যারা কৃষি বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য ১ জুলাই ১৯৮৯ তারিখের মধ্যে আবেদনপত্র দাখিল করেছে এবং এসএসসি ও এইচএসসি পরীক্ষায় গড়ে ন্যূনতম ১১৯৫ (এগারো শত পঁচানব্বই) নম্বর পেয়েছে তাদের প্রত্যেকের অনুকূলে ডাকযোগে প্রবেশপত্র প্রেরণ করা হয়েছে। খবর বিজ্ঞপ্তির।